

তথ্য কমিশন বাংলাদেশ
এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং- ১৫.৫১.০০০০.৬০২.০২.০০৩.২২.৩৯৪

২০ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে ডিজিটাল এডভারটাইজিং বোর্ড/ এলইডি ডিসপ্লে বোর্ডে প্রচার।

তথ্য অধিকার সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিবছর আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদযাপন করা হয়। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২৮ সেপ্টেম্বর। ২৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) হওয়ায় এ বছর ২৭ সেপ্টেম্বর দিবসটি উদযাপন করা হবে। দিবস উদযাপন উপলক্ষে তথ্য কমিশন এবং বিভিন্ন প্রতিষ্ঠান ঢাকাসহ দেশব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। দিবসটি উপলক্ষে কেন্দ্রীয়ভাবে ঢাকায় আলোচনা সভার আয়োজন করা হয়েছে। জেলা পর্যায়ে পৃথক পৃথক আলোচনা সভার আয়োজন করা হয়েছে। দিবসটি উদযাপনে ২৭ সেপ্টেম্বর জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করা হবে। এছাড়া দিবসটির প্রতিপাদ্য মোবাইলে এসএমএসের মাধ্যমে প্রচার, জনগণের তথ্য অধিকার বিষয়ক বিভিন্ন ডকুমেন্টারি ডিজিটাল স্ক্রল ও ডিজিটাল এডভারটাইজিং বোর্ডে প্রচার, ওয়েবসাইটে দিবস উদযাপনের ফেস্টুন প্রচার প্রভৃতি কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

দিবসটির এবারের প্রতিপাদ্য- “তথ্যের অবাধ প্রবাহে ইন্টারনেটের গুরুত্ব।”

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ এর প্রচার কনটেন্ট এতদসঙ্গে প্রেরণ করা হলো। জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণে তাঁর নিয়ন্ত্রণাধীন ডিজিটাল এডভারটাইজিং বোর্ডে/ এলইডি ডিসপ্লে বোর্ডে এ সকল কনটেন্ট আগামী ২৬ সেপ্টেম্বর ২০২৩ হতে ৩০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত ব্যাপক প্রচারে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

প্রাপক,
বিভাগীয় কমিশনার (সকল)
জেলা প্রশাসক (সকল)
উপজেলা নির্বাহী অফিসার (সকল)।


(ড. মোঃ আঃ হাকিম)
পরিচালক (গবেষণা, প্রকাশনা ও
প্রশিক্ষণ)
তথ্য কমিশন বাংলাদেশ
ফোন: ০২-৪১০২৫৪০২

অনুলিপি:

- ০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ০২। প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
- ০৩। তথ্য কমিশনারদের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
- ০৪। অফিস কপি।